# বেহাল সড়কে বিকল অ্যাম্বুল্যান্স

সুভাষ বর্মন

**ফালাকাটা, ২০ মে :** জল, কাদায় এমনিতেই ফালাকাটা-সলসলাবাড়ি নির্মীয়মাণ মহাসড়কের বেহাল দশা। বিভিন্ন জায়গায় রাস্তার গর্তের আকার দিন-দিন বড় হচ্ছে। এজন্য রোজ কোথাও পণ্যবাহী গাড়ি, আবার কোথাও যাত্রীবাহী গাড়ির যন্ত্রাংশ বিকল হচ্ছে। ঝুঁকি নিয়ে গাড়ি চালাচ্ছেন পরিবহণকর্মীরা। তবে বেহাল হলেও এই রাস্তায় তো জরুরি পরিষেবাও চালু আছে। রাস্তা দিয়ে অনেক রোগীকেও যাতায়াত করতে হয়। এই আবহে মঙ্গলবার মহাসড়কে সকালে একটি অ্যাম্বুল্যান্সও বিকল হল। যদিও ওই অ্যাম্বুল্যান্সে তখন রোগী ছিল না। উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে আলিপুরদুয়ারে মৃতদেহ নিয়ে আসে গাড়িটি। শিলিগুড়ি ফেরার পথে ফালাকাটার কদমতলা মোড়ে সামনের চাকা পাংচার হয়। এজন্য অ্যাম্বুল্যান্সটি ঠিক করতে চালককে কয়েক ঘণ্টা অপেক্ষা করতে হয়।



বাবাকে নিয়ে মাঝেমধ্যে হাসপাতালে যেতে হয়। কিন্তু রাস্তা খারাপ থাকায় আধ ঘণ্টার রাস্তা যেতে সময় লাগে এক ঘণ্টা। বাবা শ্বাসকষ্টের রোগী। রাস্তার ঝাঁকুনিতে আরও বেশি অসুস্থ হয়ে পড়েন।

-সুজিত সরকার, *ভুক্তভোগী*

**সমস্যা কোথায়**

- জল, কাদায় এমনিতে ফালাকাটা-সলসলাবাড়ি নির্মীয়মাণ মহাসড়কের বেহাল দশা
- বিভিন্ন জায়গায় রাস্তার গর্তের আকার দিন-দিন বড় হচ্ছে
- রোজ কোথাও পণ্যবাহী গাড়ি, আবার কোথাও যাত্রীবাহী গাড়ির যন্ত্রাংশ বিকল হচ্ছে
- মঙ্গলবার সকালে কদমতলা মোড়ের কাছে এসে চাকা পাংচার হয় একটি অ্যাম্বুল্যান্সের

অ্যাম্বুল্যান্সচালক রতন সরকারের কথায়, '৬ মাস আগে একবার রোগী নিয়ে আলিপুরদুয়ারে এসেছিলাম। তবে তখন তো বর্ষা ছিল না। এদিন এই রাস্তায় এসে চরম শিক্ষা হল। আর সহজে এদিকে রোগী নিয়ে আসব না।'

যদিও মহাসড়কের প্রোজেক্ট ইনচার্জ বিবেক কুমারের প্রতিক্রিয়া, 'এবার দ্রুতগতিতে রাস্তার কাজ হচ্ছে। সাধারণ মানুষের যাতে অসুবিধা না হয় সেজন্য যেখানে সমস্যা হচ্ছে সেখানেই রাস্তা সংস্কার করা হচ্ছে।'

এদিন কীভাবে মহাসড়কে গাড়ি পাংচার হল তা বলতে গিয়ে রতন জানালেন, রাস্তার একাধিক গর্তে ধাক্কা লাগায় কদমতলা মোড়ের কাছে এসে চাকা পাংচার হয়ে যায়। আশপাশে কোনও গ্যারাজও ছিল না। গাড়িতে অবশ্য বিকল্প চাকা ছিল। কিন্তু একটি রেঞ্জ ছিল না। তখন রাস্তায় যাতায়াতকারী অন্য গাড়ি থামিয়ে সেই রেঞ্জ দিয়ে চাকা পালটাতে হয়। তবে রাস্তার কারণে এরকম ভোগান্তি শুধু বাইরের অ্যাম্বুল্যান্সচালকদের হচ্ছে তা কিন্তু হয়। ফালাকাটা ও আলিপুরদুয়ারের অ্যাম্বুল্যান্সচালকরাও রোজ এই ভোগান্তির মুখে পড়ছেন। কিন্তু স্থানীয় চালকরা রোজ যাতায়াত করায় রাস্তা চেনেন। কোথায় বড় গর্ত বোঝেন। আবার মূল রাস্তা বন্ধ থাকলে ঘুরপথেও রোগী নিয়ে যাতায়াত করতে পারেন। সেক্ষেত্রে সময় দ্বিগুণ বেশি লাগে। তাই জরুরি অবস্থায় রোগীকে হাসপাতালে পৌঁছানোটা চ্যালেঞ্জ হয়ে দাঁড়ায়।

পলাশবাড়ির অ্যাম্বুল্যান্সচালক অপু দে'র কথায়, 'দিনকয়েক আগেই সনজয় ডাইভারশন ও ঘরঘরিয়ার ডাইভারশনে রাস্তার যানজটের জন্য রোগী নিয়ে দু'ঘণ্টা অপেক্ষা করতে হয়েছিল। আর একদিন গাড়িতে অন্তঃসত্ত্বা থাকায় বাধ্য হয়ে ঘরঘরিয়া থেকে ১৫ কিমি ঘুরপথে আলিপুরদুয়ারে পৌঁছাতে হয়। রাস্তা খারাপ থাকায় এক ঘণ্টার পথে যেতে সময় লাগছে দুই ঘণ্টা।'

ভুক্তভোগী রোগী ও তাঁদের পরিজনরাও। পারপাতলাখাওয়ার বছর নব্বইয়ের সুবোধ সরকার দীর্ঘদিন ধরে অসুস্থ। ছেলে সুজিত সরকার বললেন, 'বাবাকে নিয়ে মাঝেমধ্যে হাসপাতালে যেতে হয়। কিন্তু রাস্তা খারাপ থাকায় আধ ঘণ্টার রাস্তা যেতে সময় লাগে এক ঘণ্টা। বাবা শ্বাসকষ্টের রোগী। রাস্তার ঝাঁকুনিতে আরও বেশি অসুস্থ হয়ে পড়ে।'

## হাটশেডের উদ্বোধন

**হ্যামিল্টনগঞ্জ, ২০ মে :** মঙ্গলবার হ্যামিল্টনগঞ্জের নবনির্মিত গ্রামীণ হাটশেডের ভার্চুয়াল উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর ও রেগুলেটেড মার্কেট কমিটি যৌথভাবে প্রায় ৪ কোটি টাকা ব্যয়ে হাটশেড নির্মাণ করেছে। হাটের ২৬টি দোকানের শেডের এদিন উদ্বোধন করা হয়। এই উপলক্ষ্যে সেখানে উপস্থিত ছিলেন তৃণমূলের লতাবাড়ি অঞ্চল সভাপতি মৃত্যুঞ্জয় দে, লতাবাড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান ধীরেন বাগওয়ার।

## নতুন ভবন

**বারবিশা, ২০ মে :** মঙ্গলবার কুমারগ্রাম ব্লকের ভল্কা বারবিশা-১ গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ রামপুরে ১০/১০৩ অংশে নবনির্মিত অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ভার্চুয়ালি উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিকেলে ফিতে কেটে কেন্দ্রের উদ্বোধন করেন কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির সহ সভাপতি জয়প্রকাশ বর্মন। উপস্থিত ছিলেন এলাকার পঞ্চায়েত সদস্যা মৌমিতা চক্রবর্তী, গ্রাম পঞ্চায়েত অফিসের কর্মী এবং এলাকার বাসিন্দারা। স্থানীয় প্রশান্ত চক্রবর্তী বলেন, 'এতদিন একটি বাড়িতে চারদিক খোলা একটি ঘরে কেন্দ্রটি খুব অসুবিধার মধ্যে চলছিল। জমিজটের জন্য অঙ্গনওয়াড়ি কেন্দ্রের নতুন ভবন তৈরিতে কিছুটা দেরি হয়েছে। নতুন ভবন পেয়ে আমরা খুশি।'

## শিশুর মৃত্যু

**আলিপুরদুয়ার, ২০ মে :** 'মাইল্ড এনসেফালোপ্যাথি' নামক বিরল রোগে আক্রান্ত হয়ে প্রাণ হারাল আলিপুরদুয়ার শহরের এক শিশু। শহরের আনন্দনগর এলাকার শিশু ঋতম কুণ্ডু সোমবার গভীর রাতে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে মারা যায়। পরিবার সূত্রে জানা গিয়েছে, গত কয়েক মাস ধরে ওই শিশু নানা সমস্যায় ভুগছিল। গত এক মাস থেকে ওই রোগীর চিকিৎসা চলছিল উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে।



*আলিপুরদুয়ারের ডেপুটি শ্রম কমিশনারের দপ্তরে ত্রিপাক্ষিক বৈঠকের অপেক্ষায় শ্রমিক সংগঠনের নেতারা।*

## ভেস্তে গেল ত্রিপাক্ষিক বৈঠক

**কালচিনি, ২০ মে :** কালচিনি ব্লকের মধু চা বাগান কর্তৃপক্ষ রবিবার রাতে বাগানে সাসপেনশন অফ অপারেশনের নোটিশ পাঠিয়ে বাগান বন্ধ করে দিয়েছে। বাগান খোলা নিয়ে জট কাটাতে শ্রম দপ্তরের তরফে মঙ্গলবার আলিপুরদুয়ারের ডুয়ার্স কন্যায় ডেপুটি শ্রম কমিশনারের দপ্তরে বৈঠক ডাকা হয়েছিল। শ্রমিক সংগঠনের প্রতিনিধিরা ওই বৈঠকে উপস্থিত হলেও মালিকপক্ষের কোনও প্রতিনিধি বৈঠকে উপস্থিত ছিলেন না। তাই এদিনের বৈঠক ভেস্তে যায়।

আলিপুরদুয়ারের ডেপুটি শ্রম কমিশনার গোপাল বিশ্বাস জানিয়েছেন, মালিকপক্ষের কেউ এদিনের বৈঠকে কেন এলেন না, সেটাও জানানো হয়নি। তবে বাগানটি খোলার জন্য দ্রুত ফের ত্রিপাক্ষিক বৈঠক ডাকা হবে বলে তিনি আশ্বাস দেন। তৃণমূল চা বাগান শ্রমিক ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সভাপতি বীরেন্দ্র বরা ওরাওঁ বলেন, 'বাগান কর্তৃপক্ষ ফের একবার প্রমাণ করল যে তারা কতটা দায়িত্বজ্ঞানহীন। তা না হলে গুরুত্বপূর্ণ ওই বৈঠকে অবশ্যই মালিক পক্ষের প্রতিনিধি উপস্থিত থাকতেন।'

> বাগান কর্তৃপক্ষ ফের একবার প্রমাণ করল যে তারা কতটা দায়িত্বজ্ঞানহীন। তা না হলে গুরুত্বপূর্ণ ওই বৈঠকে অবশ্যই মালিকপক্ষের প্রতিনিধি উপস্থিত থাকতেন।
>
> -বীরেন্দ্র বরা ওরাওঁ
> *সভাপতি, তৃণমূল চা শ্রমিক ইউনিয়ন*

এদিকে বাগানের ম্যানেজার গৌরবকুমার পান্ডা জানিয়েছেন, খুব দ্রুত বৈঠক ডাকা হয়েছিল। সেজন্য বৈঠকের কোনও প্রস্তুতি নেওয়া যায়নি। দীর্ঘদিন আন্দোলন চলার ফলে বাগানের উৎপাদন ব্যাহত হচ্ছে বলে কর্তৃপক্ষের অভিযোগ।

স্থায়ী শ্রমিকদের ৬টি পাক্ষিক ও রিপ্লেসমেন্ট শ্রমিকদের ১২টি পাক্ষিক মজুরি বকেয়া রয়েছে। এরফলে বেশ কয়েকদিন ধরে বাগানের শ্রমিকরা আন্দোলন করছেন। তাঁদের দাবি, বাগানের মালিকের লিজ বাতিল করতে হবে। পাশাপাশি স্ট্যান্ডার্ড অপারেটিং সিস্টেম (এসওপি) কার্যকর করার দাবিও তাঁরা জানিয়েছেন।

## মাদারিহাটে বৈশাখীমেলা

**মাদারিহাট, ২০ মে :** মাদারিহাট ৪ নম্বর কলোনির ফুটবল ময়দানে সোমবার থেকে শুরু হল বৈশাখীমেলা। ৪ নম্বর কলোনি দুর্গাপুজো কমিটির তরফে এই আয়োজন। মেলায় রয়েছে সবচেয়ে বড় ২৪ আসন বিশিষ্ট নাগরদোলা। এছাড়াও রয়েছে ব্রেক ডান্স, টয়ট্রেন সহ একাধিক স্টল। কমিটির তরফে অসিত দাস জানান, ১৫ দিন ধরে চলবে এই মেলা। সোমবার মেলার উদ্বোধন করেন মাদারিহাট গ্রাম পঞ্চায়েতের প্রধান ললিতা সরকার ও আলিপুরদুয়ার জেলা পরিষদের বন ও ভূমি কর্মাধ্যক্ষ দীপনারায়ণ সিনহা।

**টুকরো খবর**

## আলোচনা

**আলিপুরদুয়ার, ২০ মে :** মঙ্গলবার শহরের একটি ভবনে আলিপুরদুয়ার ব্যবসায়ী সমিতির সাধারণ সভা হয়। আলিপুরদুয়ার শহর ও জেলার ব্যবসার উন্নয়নে বিভিন্ন বিষয়ে খোলামেলা আলোচনা হয়। এদিন এই সাধারণ সভায় আলিপুরদুয়ার চেম্বার অফ কমার্সের সম্পাদক প্রসেনজিৎ দে, আলিপুরদুয়ার টাউন ব্যবসায়ী সমিতির সভাপতি রানা চক্রবর্তী সহ অন্যরা উপস্থিত ছিলেন। এছাড়াও কোকরাঝাড় সহ জয়গাঁর ব্যবসায়ী সমিতির প্রতিনিধিরাও এদিন উপস্থিত ছিলেন।

## পদ্মের সভা

**ফালাকাটা, ২০ মে :** মঙ্গলবার ফালাকাটার তিনটি বুথে বুথ সশক্তিকরণ নিয়ে সাংগঠনিক সভা করে বিজেপি। ২৯ মে আলিপুরদুয়ারে আসছেন প্রধানমন্ত্রী। এজন্য বিজেপির কার্যকর্তারা এমনিতেই উচ্ছ্বসিত। দলের ফালাকাটা ৩ নম্বর মণ্ডলের সাধারণ সম্পাদক অনন্ত দাস বলেন, 'একাধিক বুথে দলের বুথ নেতৃত্ব ও কার্যকর্তারা বুথ সশক্তিকরণ নিয়ে পর্যালোচনা সভা করেন।'

## যানজট

**ফালাকাটা, ২০ মে :** মঙ্গলবার ফের ফালাকাটার চরতোর্ষা ডাইভারশনের মাঝে একটি গর্ত তৈরি হয়। সেই গর্ত দেখে পাশ কাটিয়ে ধীরে ধীরে যানবাহন চলাচল করে। আবার এখানেই মহাসড়কের পাকা সেতুর কাজ চলছে। এদিন কাজের বেশ কিছু সরঞ্জাম গাড়িতে করে নিয়ে আসা হয়। এজন্য মাঝেমধ্যেই ডাইভারশনে যানজট লেগে যায়। তবে নজরদারির দায়িত্বে থাকা সিভিক ভলান্টিয়ারদের চেষ্টায় দীর্ঘ সময় যানজট হয়নি।

## সমবেদনা

**হাসিমারা, ২০ মে :** সোমবার কালচিনি ব্লকের কোদালবস্তির একই পরিবারের দুই মহিলার নদীতে মাছ ধরতে গিয়ে মৃত্যু হয়েছে গন্ডারের হামলায়। মঙ্গলবার ওই পরিবারের সঙ্গে দেখা করে তাঁদের সমবেদনা জানান আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গা। সোমবার গন্ডারের হামলায় মৃত্যু হয় ওই বনবস্তির বাসিন্দা আপেক রাভা ও তাবিতা রাভার। তাঁরা সম্পর্কে ঠাকুমা ও নাতনি ছিলেন। মনোজের সঙ্গে ছিলেন কালচিনির বিধায়ক বিশাল লামা ও কালচিনির প্রাক্তন বিধায়ক উইলসন চম্প্রমারি।

## দুর্ঘটনা

**রাঙ্গালিবাজনা, ২০ মে :** মাদারিহাট-বীরপাড়া ব্লকের দলদলিতে মঙ্গলবার ভোরবেলা চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেলায় ৪৮ নম্বর এশিয়ান হাইওয়ে থেকে উলটে নীচে পড়ে যায় একটি কনটেনার। জানা গিয়েছে, একটি লাইন হোটেল থেকে একটি গাড়ি বের হচ্ছিল। ওই গাড়িটিকে পাশ কাটাতে গিয়ে নিয়ন্ত্রণ হারান কনটেনারচালক। আহত হয়েছেন চালক।

# পঞ্চায়েতের উপসমিতি হয়নি, কাজে বাধা

সমীর দাস

**হ্যামিল্টনগঞ্জ, ২০ মে :** রাজ্যে শেষবার দু'বছর আগে পঞ্চায়েত নির্বাচন হয়েছিল। তবে এখনও কালচিনি ব্লকের তৃণমূল পরিচালিত লতাবাড়ি গ্রাম পঞ্চায়েতে উপসমিতি গঠন করা হয়নি। অভিযোগ, এতে উপসমিতির আওতায় থাকা কাজগুলি বাধাগ্রস্ত হচ্ছে বলে। ২০২৩ সালের জুলাই মাসে পঞ্চায়েত নির্বাচনের পর বোর্ড গঠন হয়েছিল। প্রতিটি গ্রাম পঞ্চায়েতেই উপসমিতি গঠন করার নিয়ম রয়েছে। উপসমিতি অনেকটা রাজ্য বা কেন্দ্রীয় সরকারের মন্ত্রীসভার আদলে তৈরি করা হয়। পঞ্চায়েতের প্রধান ও উপপ্রধান ছাড়াও চারটি পৃথক বিভাগ পরিচালনার জন্য থাকে উপসমিতি। পঞ্চায়েত দপ্তর সূত্রে জানা গিয়েছে, যে কোনও গ্রাম পঞ্চায়েতের উপসমিতি গঠনের দায়িত্ব ব্লক প্রশাসনের ওপর থাকে। তবে এক্ষেত্রে কালচিনি ব্লক প্রশাসনের তরফে কোনও উদ্যোগ নেওয়া হচ্ছে না বলে অভিযোগ উঠেছে। এবিষয়ে লতাবাড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান ধীরেন বাগওয়ার বলেন, 'ব্লক প্রশাসনের কাছে ইতিমধ্যেই উপসমিতি গঠনের আবেদন জানানো হয়েছে। সেই কাজে প্রধানদের কোনও ভূমিকা নেই।'

আলিপুরদুয়ারের মহকুমা শাসক দেবব্রত রায়ও এক্ষেত্রে ব্লক প্রশাসনের ভূমিকার কথাই জানিয়েছেন। তাঁর কথায়, 'ব্লকের তরফেই বিভিন্ন পঞ্চায়েতের উপসমিতি গঠন করা হয়।' প্রধান ও উপপ্রধান ছাড়া পঞ্চায়েত বোর্ড গঠনে যে রাজনৈতিক দলের পঞ্চায়েত সদস্যের সংখ্যা বেশি সেই দলের নির্বাচিত সদস্যদের মধ্যে থেকে চারজনকে উপসমিতির দায়িত্বভার দেওয়া হয়। শিল্প ও পরিকাঠামো, নারী ও শিশুকল্যাণ, শিক্ষা ও কৃষি- এই চার বিভাগের জন্য সদস্যদের মধ্যে দায়িত্ব বণ্টন করা হয়। তবে লতাবাড়ি গ্রাম পঞ্চায়েতে উপসমিতি গঠন না হওয়ায় সেইসব পদগুলি খালি পড়ে রয়েছে। পঞ্চায়েত সূত্রে আরও জানা যায়, বোর্ড গঠনের ৬ মাসের মধ্যে উপসমিতি গঠনের নিয়ম রয়েছে। তবে তা কেন এখনও হল না তাই নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। এর ফলে সংশ্লিষ্ট পঞ্চায়েতের গুরুত্বপূর্ণ কাজগুলি সবই আটকে থাকছে।

যদিও এবিষয়ে একাধিকবার কালচিনির বিডিও মিঠুন মজুমদারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বারবার ফোন কেটে দেন। ব্লক প্রশাসনের এক আধিকারিক অবশ্য জানিয়েছেন, সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতে আইনশৃঙ্খলাজনিত সমস্যার কারণে উপসমিতি গঠনে বিলম্ব হচ্ছে।




> ব্লক প্রশাসনের কাছে ইতিমধ্যেই উপসমিতি গঠনের আবেদন জানানো হয়েছে। সেই কাজে প্রধানদের কোনও ভূমিকা নেই।
>
> -ধীরেন বাগওয়ার
> *প্রধান, লতাবাড়ি গ্রাম পঞ্চায়েত*

কালচিনি ব্লকের অন্যতম জনবহুল এলাকা হ্যামিল্টনগঞ্জ লতাবাড়ি গ্রাম পঞ্চায়েতের অধীনে রয়েছে। এছাড়াও উত্তর ও দক্ষিণ লতাবাড়ি ছাড়াও নিমতি দোমোহনি ও নিমতিঝোরা চা বাগান পর্যন্ত ওই পঞ্চায়েত বিস্তৃত। ২৫ সদস্যের গ্রাম পঞ্চায়েতে তৃণমূলের ১৫ জন ও বিজেপির ১০ জন পঞ্চায়েত সদস্য রয়েছেন। এবিষয়ে পঞ্চায়েতের বিরোধী দলনেতা তথা বিজেপির কালচিনি বিধানসভার আহ্বায়ক অলোক মিত্র বলেন, 'আমরাও ব্লক প্রশাসনকে জানাব যাতে দ্রুত গ্রাম পঞ্চায়েতের উপসমিতি গঠন করা হয়।'



**পাঠকের লেন্সে**
8597258697
picforubs@gmail.com

**বিপজ্জনক।** *গরুবাথানের চেলখোলায় ছবিটি তুলেছেন মালবাজারের রাজদীপ নাগ।*

# দীর্ঘদিনের দাবি মিটল

## শিল্পতালুকের রাস্তায় ৭ কোটি

শান্ত বর্মন

**জটেশ্বর, ২০ মে :** গত জানুয়ারিতে রাজ্যের মুখ্যমন্ত্রী আলিপুরদুয়ার জেলা সফরে এসে এথেলবাড়ি শিল্পতালুকের জন্য রাস্তা তৈরির কথা ঘোষণা করেছিলেন। ক্ষুদ্র ও মাঝারি শিল্প উন্নয়ন দপ্তর এবং জেলা প্রশাসনকে দ্রুত বিষয়টি দেখার নির্দেশ দেন। মঙ্গলবার শিলিগুড়িতে প্রশাসনিক বৈঠকে এথেলবাড়ি শিল্পতালুকের সংযোগরক্ষাকারী রাস্তার জন্য মুখ্যমন্ত্রী সভা মঞ্চ থেকে ৭ কোটি ১৬ লক্ষ টাকা বরাদ্দের কথা ঘোষণা করেন। এই ঘোষণায় স্বাভাবিকভাবেই খুশি ক্ষুদ্র ও মাঝারি শিল্প মহল। জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে, দ্রুত রাস্তাটির কাজ শুরু হবে।

ক্ষুদ্র ও মাঝারি শিল্প উন্নয়ন দপ্তর সূত্রে খবর, ফালাকাটার এথেলবাড়িতে ১২০ বিঘা জমির ওপর তৈরি হয়েছে যোগীঝোরা বারবাক শিল্পতালুক। শিল্পতালুকের প্রায় সমস্ত কাজ সম্পন্ন হলেও সেখানে যানবাহনের যাতায়াতের জন্য কোনও যোগ্য রাস্তা নেই। সেই রাস্তা তৈরি হলে একদিকে যেমন শিল্পতালুকে সহজে যাতায়াত করা যাবে, তেমনি ক্ষুদ্র ও মাঝারি শিল্পপতিরা সুবিধা পাবেন। সম্প্রতি শিল্পতালুকে বেশকিছু জমিতে ক্ষুদ্র ও মাঝারি শিল্পপতিরা লগ্নি করেছেন। বাকি যে সমস্ত জমি এখনও খালি রয়েছে, রাস্তা তৈরি হলে সেই জমিতে অন্য শিল্পপতিরা লগ্নি করতে আগ্রহী হবেন বলে আশাবাদী প্রশাসনিক মহল। ইতিমধ্যে শিল্পতালুকের প্রাচীর এবং গা ঘেঁষে বয়ে যাওয়া ডিমডিমা নদীতে সেচ ও জলপথ বিভাগের ১ কোটি ৮৪ লক্ষ টাকা ব্যয়ে পাড়বাঁধ দেওয়া হয়েছে।



*এথেলবাড়ি শিল্পতালুক।*

আলিপুরদুয়ার চেম্বার অফ কমার্সের সম্পাদক প্রসেনজিৎ দে বলেন, 'টেন্ডার প্রক্রিয়া হয়ে গিয়েছে, দ্রুত রাস্তার কাজ শুরু হবে। রাস্তা হয়ে গেলে শিল্পতালুকে শিল্পোদ্যোগীরা অনেকটা সুবিধা পাবেন।' এবিষয়ে জেলা শাসক আর বিমলাকে ফোন করা হলে তিনি ফোন ধরেননি।

## হাসপাতালে নতুন ভবন

মোস্তাক মোরশেদ হোসেন

**বীরপাড়া, ২০ মে :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মঙ্গলবার বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালের নতুন ভবনের ভার্চুয়াল উদ্বোধন করলেন। এরপর মঙ্গলবার হাসপাতাল সুপার কৌশিক গড়াই ও স্বাস্থ্যকর্মীরা ফলক উন্মোচন করে ফিতে কাটেন। এদিন সেখানে নার্সরা উদ্বোধনী সংগীত পরিবেশন করেন। কৌশিক বলেন, 'এদিন নতুন ভবনে শিশু বিভাগটি স্থানান্তরিত করা হয়েছে। সেখানে ৫০টি শয্যা আছে।'

এতদিন হাসপাতালের শিশু বিভাগ পুরোনো ভবনে ছিল। নতুন ভবনে লিফট সহ অন্যান্য আধুনিক সুবিধা রয়েছে। হাসপাতাল সূত্রের খবর, চারতলা ভবনটি পূর্ত দপ্তর তৈরি করেছে। মূল ভবনের পিছনদিকে তৈরি নতুন ভবনের অন্দরমহল ঝাঁ চকচকে টাইলসে মোড়া। হাসপাতালে ২২০টি শয্যা রয়েছে। এর মধ্যে শিশু বিভাগে ৫০টি শয্যা আছে। নতুন ভবন পেলেও অবশ্য বীরপাড়া হাসপাতালে এখনই শয্যা সংখ্যা বাড়ছে না বলে সুপার জানিয়েছেন। তাঁর কথায়, 'চিকিৎসক ও অন্য কর্মীর সংখ্যা যথেষ্ট না হওয়ায় আপাতত ২২০টি শয্যা থাকছে।'

এই হাসপাতালের ওপর মাদারিহাট-বীরপাড়া ব্লকের ১০টি গ্রাম পঞ্চায়েত, ১৯টি চা বাগান ছাড়াও ফালাকাটা, ধূপগুড়ি এবং বানারহাট ব্লকের একাংশের বাসিন্দারা নির্ভরশীল। এদিন রোগীকল্যাণ সমিতির প্রাক্তন সদস্য রাজীব মুখোপাধ্যায় বলেন, 'আমরা অনেকদিন ধরে হাসপাতালের পরিকাঠামো উন্নয়নের দাবি করছিলাম। অবশেষে পরিকাঠামো একধাপ উন্নত হল।'

৪২ জন চিকিৎসকের জায়গায় মাত্র ২৮ জন চিকিৎসক আছেন। ফলে প্রত্যেক চিকিৎসকের ওপর কাজের বাড়তি চাপ থাকে। চিকিৎসকের সংখ্যা বাড়ানো সহ হাসপাতালের পরিকাঠামো উন্নয়নের দাবি অনেকদিনের। এর মধ্যে মুখ্যমন্ত্রী নতুন ভবনের দ্বারোদঘাটন করলেন। রোগীকল্যাণ সমিতির চেয়ারম্যান বুলু চিকবড়াইক জানান, বীরপাড়া হাসপাতালে আরও চিকিৎসক নিয়োগে স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।



*বীরপাড়া হাসপাতালের এই ভবনে স্থানান্তরিত হয়েছে শিশু বিভাগ।*

# নড়বড়ে সাঁকোয় ঝুঁকি

সুভাষ বর্মন

**পলাশবাড়ি, ২০ মে :** কয়েক দিনের টানা বৃষ্টিতে বাঁশের সাঁকো বেহাল হয়ে পড়ছে। যদিও সাঁকোটি এখনও ভাঙেনি। তবে ওই সাঁকো দিয়ে শুধু হেঁটেই যাতায়াত করা যায়। সাইকেল চালিয়েও যাওয়া যায় না। আর মোটরবাইকে তো ৩-৪ কিমি ঘুরপথে যাতায়াত করতে হয়। আলিপুরদুয়ার-১ ব্লকের পূর্ব কাঁঠালবাড়ি গ্রাম পঞ্চায়েতের মেজবিল ও পারপাতলাখাওয়া গ্রামের মাঝে বুড়িতোর্ষা নদীর এই সাঁকো নিয়ে বর্ষায় চরম ভোগান্তিতে পড়েন ৬-৭ হাজার বাসিন্দা। কারণ, প্রতি বর্ষায় সাঁকোটি ভেঙে যায়। অথচ এখানে প্রায় কুড়ি বছর ধরে সেতুর দাবি জানিয়ে আসছেন স্থানীয়রা।

এখন রাতে বৃষ্টি হলেই স্থানীয়রা ঘুম থেকে উঠে প্রথমে দেখেন সাঁকোটি ঠিক আছে কি না। অর্থাৎ বৃষ্টি হলে দুশ্চিন্তা বাড়ে এলাকাবাসীর। স্থানীয় কৃষক সুভাষ সরকারের কথায়, 'আমাদের অনেকের চাষের জমি রয়েছে নদীর ওপারে। সাঁকো ভাঙলে ঘুরপথে কৃষিপণ্য আনতে হয়। এই ভোগান্তি যে আর কতদিন পোহাতে হবে কে জানে।'



*বুড়িতোর্ষার উপর বেহাল সাঁকোয় যাতায়াত। মেজবিল গ্রামে।*

সমস্যার কথা অবশ্য অস্বীকার করেনি স্থানীয় পঞ্চায়েত প্রশাসন। পূর্ব কাঁঠালবাড়ি গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান কমলেশ্বর বর্মনের কথায়, 'গ্রাম পঞ্চায়েত থেকে তো ওই দীর্ঘ সেতু তৈরি করা সম্ভব নয়। তবে বর্ষায় সাঁকো ভাঙলে গ্রাম পঞ্চায়েত থেকেই সেটি তৈরি করা হয়। সাঁকো ভাঙলে অবশ্য এলাকার কয়েক হাজার মানুষকে সমস্যায় পড়তে হয়। তবে ওখানে আগামীতে যাতে সেতু তৈরি হয় সেই প্রস্তাব প্রশাসনের উপরমহলে পাঠানো হয়েছে।'

মেজবিল ও পারপাতলাখাওয়া গ্রামের মাঝ বরাবর উত্তর-দক্ষিণে বইছে বুড়িতোর্ষা নদী। দুই গ্রামের মাঝেই নদীর উপর বেহাল বাঁশের সাঁকো। প্রতি বর্ষায় নদীর দু'কূল প্লাবিত হয়। তখন সাঁকো ভেঙে যায়। অনেকটা ঘুরপথে যাতায়াত করেন বাসিন্দারা।

পারপাতলাখাওয়ার বাসিন্দা দুলাল দাস বললেন, 'সাইকেল নিয়ে রোজ যোগেন্দ্রনগর যেতে হয়। এখন ওই সাঁকোটি ভয়ে ভয়ে পার হই। সাইকেল ঠেলেই যেতে হয়। কিন্তু সাঁকো ভেঙে গেলে আমাকে ৪ কিমি ঘুরপথে যাতায়াত করতে হবে।' সজল সরকার বাইকে যাতায়াত করেন। সাঁকো দিয়ে বাইক চালিয়ে যাওয়ার সাহস তাঁর হয় না। সজলের কথায়, 'সাঁকো ভাঙলে পরে সেটি তৈরি করে দেওয়া হয়। তবে এভাবে আর কত বছর। অনেক গ্রামে তো কালভার্ট, সেতু হচ্ছে। শুধু বঞ্চিত আমাদের দুই গ্রাম। রোজ ৩-৪ কিমি ঘুরপথে যাতায়াত করতে হচ্ছে।'

# নৌকাই যাতায়াতের ভরসা দেওগাঁওয়ে

মোস্তাক মোরশেদ হোসেন

**বীরপাড়া, ২০ মে :** ভোট এলেই উন্নয়ন, বিকাশের কথা শোনা যায় জনপ্রতিনিধি, নেতা, প্রার্থীদের মুখে। তবে আলিপুরদুয়ার জেলার ফালাকাটা ব্লকের দেওগাঁওয়ে নদী পারাপারে আজও শুখা মরশুমে ভরসা সাঁকো, বর্ষাকালে নৌকা। বাম আমলে দেওগাঁওয়ে মুজনাই নদীর ওপর দুটি পাকা সেতু তৈরি করা হয়েছিল। একটি ১৯৯৩ সালের বন্যায় ভেঙে যায়। সেটি পুনর্নির্মাণ করা হয়নি। ১৪ বছরে দেওগাঁওয়ে মুজনাই নদীর ওপর একটিও সেতু তৈরি করেনি বর্তমান রাজ্য সরকার। গ্রামের একপ্রান্তে শুধুমাত্র একটি সেতু রয়েছে। অন্য ঘাটগুলিতে আজও নদী পারাপারে ভরসা নৌকা, সাঁকো।

ফালাকাটার বিজেপি বিধায়ক দীপক বর্মন বলছেন, 'দেওগাঁওতে নদী পারাপারে একাধিকবার সেতু তৈরির দাবি বিধানসভায় তুলেছি। বিষয়টি মুখ্যমন্ত্রীও জানেন। তবে এনিয়ে রাজ্য সরকারের হেলদোল নেই। এটা দুর্ভাগ্যজনক।'

দেওগাঁওয়ের পশ্চিম সীমানা বরাবর উত্তর-দক্ষিণে প্রবাহিত মুজনাই নদী। পশ্চিমে জটেশ্বর এলাকা। পূর্বে দেওগাঁও। উত্তর-পশ্চিমে মাদারিহাট-বীরপাড়া ব্লকের রাঙ্গালিবাজনা। রাঙ্গালিবাজনা ও দেওগাঁওয়ের সীমানায় রয়েছে লকিয়তউল্লাহ ঘাট। এছাড়া জটেশ্বর সীমানা বরাবর রয়েছে আজিজারের ঘাট, সফরের ঘাট, তোফারউদ্দিনের ঘাট, বাচ্চুর ঘাট, সাধনের ঘাট, বঙ্কিমের ঘাট ও গঙ্গামঙ্গল ঘাট। লকিয়তউল্লাহ ঘাটে ১৯৯৩ সালে তৈরি পাকা সেতুটি ওই বছরই বন্যায় ভেঙে পড়ে। পরে বঙ্কিমের ঘাটে সেতু তৈরি করা হয়। বাকিগুলিতে বর্ষায় ভরসা নৌকা, শুখা মরশুমে সাঁকো। পশ্চিম দেওগাঁওয়ের রঞ্জিত সেনের কথায়, 'সেতুর আশায় থাকতে থাকতে বুড়ো হয়ে গেলাম। নেতারা প্রতি বছর ভোটের আগে প্রতিশ্রুতি দেন, কিন্তু পালন করেন না। বর্ষাকালে কয়েক কিমি ঘুরপথে বঙ্কিমের ঘাটের সেতু পেরিয়ে জটেশ্বরে যাতায়াত করতে হয়।'



*সেতু নেই, দেওগাঁওয়ে মুজনাই নদীতে খেয়া পারাপার।*

প্রায় এক দশক আগে গঙ্গামঙ্গল ঘাটে পাকা সেতু তৈরির দাবিতে ভোট বয়কটের ডাক দিয়েছিল তৃণমূলেরই একাংশ। ফালাকাটার তৎকালীন বিধায়ক অনিল অধিকারী শেষপর্যন্ত 'ড্যামেজ কন্ট্রোল' করেন। আজও পর্যন্ত গঙ্গামঙ্গল ঘাটে পাকা সেতু তৈরি করা হয়নি। বছর চারেক আগে লকিয়তউল্লাহ ঘাটে সেতুর দাবি নিয়ে উত্তরবঙ্গ সংবাদে প্রকাশিত খবর পড়ে সেতু তৈরিতে আগ্রহ প্রকাশ করেছিলেন তৎকালীন উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ। তাঁর উদ্যোগে দপ্তরের বাস্তুকাররা প্রাথমিক প্রক্রিয়াও শুরু করেছিলেন। এরপরই বিধানসভা ভোটে হেরে যান রবীন্দ্রনাথ। লকিয়তউল্লাহ ঘাটে সেতুর বিষয়টিও ধামাচাপা পড়ে যায়।

পূর্ব দেওগাঁওয়ের তাজেদ আলি বলছেন, 'সেতু না থাকায় যোগাযোগ ব্যবস্থার দিক থেকে অন্ধকারে রয়েছে দেওগাঁও। অথচ এলাকার কৃষকরা পণ্য কেনাবেচার জন্য শিশুবাড়িহাট এবং জটেশ্বর হাটের ওপর নির্ভর করেন। কিন্তু মুজনাই নদীর বেশিরভাগ ঘাটে সেতু না থাকায় ঘুরপথে যাতায়াত করতে হয় কৃষকদের। রোগীকে হাসপাতালে নিয়ে যেতেও সমস্যা হয়।'

জেলা পরিষদের দেওগাঁওয়ের সদস্যা তনুশ্রী রায়ের কথায়, 'গঙ্গামঙ্গল ঘাট এবং লকিয়তউল্লাহ ঘাটে সেতু তৈরির প্রস্তাবের ফাইল উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরে রয়েছে। আমরা আশাবাদী।'

# জমির সঙ্গে পেশা গিলেছে নদী

## ভাত জোটাতে চাষ ছেড়ে অন্য কাজ খুঁজছে চ্যাংমারিটারি

**শান্ত বর্মন**



*ভিটেমাটি হারিয়ে কলি নদীর পাড়ে মাথায় হাত দিয়ে বসে এক কৃষক। চ্যাংমারিটারিতে।*

**নদীর গ্রাসে**

- গত পাঁচ বছরে ১০০ বিঘা জমি কলি নদীর কবলে চলে গিয়েছে
- অভিযোগ, প্রশাসনের সাহায্য কিংবা ক্ষতিপূরণ কিছুই মেলেনি
- গত কয়েকদিনের বৃষ্টির জল কমতেই ফের ভাঙন শুরু
- কৃষিকাজ ছেড়ে অন্য পেশা খুঁজছেন স্থানীয়রা

**জটেশ্বর, ২০ মে :** পৃথিবীতে নদীমাতৃক সভ্যতার নজিরের অভাব নেই। প্রাচীনকাল থেকে নদীকে কেন্দ্র করে মানুষের জীবনধারণ, কৃষিকাজ, পশুপালন ও ব্যবসা-বাণিজ্য আবর্তিত হয়েছে। তবে ইতিহাসের সেসব কাহিনী চ্যাংমারিটারির বাসিন্দা নুরজামাল মিয়াঁ জানেন কি? তা বলা যায় না। জীবদ্দশায় নদীই তাঁর সবকিছু কেড়ে নিয়েছে।

কলি নদীর জলে তলিয়ে গিয়েছে তাঁর সাত বিঘার তিনফসলি জমি। সেইসঙ্গে বসতভিটেটুকুও। বাস্তুহারা নুরজামাল এখন এথেলবাড়ির বাসিন্দা। বর্তমানে তিনি বেকার। বান্ধানা ওরাওঁ নামে আরেক কৃষকও তাঁর জমি নদীগর্ভে হারিয়েছেন। তাই রোজগারের জন্য তিনি বর্তমানে কেরলে পরিযায়ী শ্রমিকের কাজ করতে বাধ্য হচ্ছেন। উদ্বেগের বিষয় এই যে, বান্ধানাদের সংখ্যা ক্রমশ বাড়ছে। ধনীরামপুর-২ গ্রাম পঞ্চায়েতের কৃষক নুরজামাল একসময় ওই নদীর জলেই সোনার ফসল ফলাতেন। ধান, পাট, গম, ডাল থেকে শুরু করে নানা ধরনের শাকসবজি কিছুই বাদ ছিল না। তাই সংসারে অভাবও ছিল না। খাবারের অভাব অনুভব করেননি কোনওদিন। কিন্তু নদীবাঁধ না থাকায় তাঁর সব যে এভাবে চোখের নিমেষে তলিয়ে যাবে তা তিনি স্বপ্নেও ভাবেননি।

নদীর জন্য পেশা বদল যেন এলাকায় একটি সাধারণ ঘটনা হয়ে উঠছে। অভিযোগ, গত পাঁচ বছরে ১০০ বিঘা চাষের জমি কলি নদীর ভাঙনের কবলে চলে গিয়েছে। ফলে কৃষকদের চাষাবাদ ছেড়ে ভিনরাজ্যে অন্য পেশার টানে চলে যাওয়ার হার উল্লেখযোগ্যভাবে বেড়েছে। ইতিমধ্যেই এলাকার প্রায় ২৫ জনেরও বেশি কৃষক পেশা বদলে নিয়েছেন। নুরজামালের মতোই চ্যাংমারিটারি এলাকার আরেক কৃষক আবেদ আলিরও মুখের হাসি কেড়ে নিয়েছে খরস্রোতা কলি। চার বিঘা জমিতে চাষ করেই তিনি সারা বছরের মুখের ভাত জোটাতেন। সংসারে অন্যান্য অনটন থাকলেও খাদ্যাভাব ছিল না। নদীর ভাঙনে জমিটুকুও হারিয়ে এখন তিনি বরফ বিক্রি করে কোনওরকমে সংসার চালান। স্থানীয়দের অভিযোগ, কৃষিজমি রক্ষার জন্য প্রশাসনের সাহায্য কিংবা ক্ষতিপূরণ কিছুই মেলেনি। আবেদ বললেন, 'যখন আমার চাষের জমি ছিল, সেসময় ভাতের অভাব হত না। এখন কাজ না করলে ভাত জোটে না। নদীবাঁধ থাকলে আজ আমার এমন অবস্থা হত না।'

ভিটেমাটিহারা নুরজামালের গলাতেও একই সুর। তাঁর কথায়, 'নদীভাঙনে আমার সব জমি, গাছ, তলিয়ে গিয়েছে। চোখের সামনে সব দেখেও নীরব থাকতে হয়েছে। সব হারিয়ে এখন আমি নিঃস্ব।' সম্প্রতি টানা কয়েকদিনের বৃষ্টিতে কলি নদী প্রায় ভরাট ছিল। তারপর জল কমতেই ফের পাড়ভাঙন শুরু হয়েছে। তার জেরে ধনীরামপুর-২ গ্রাম পঞ্চায়েতের চ্যাংমারিটারি এলাকায় বর্ষায় চাষ নিয়ে কৃষকদের মাথায় হাত পড়েছে। স্থানীয়দের দাবি, জনপ্রতিনিধি ও প্রশাসনকে এবিষয়ে জানিয়ে কোনও কাজ হয়নি। যদিও ফের এনিয়ে সমাধানসূত্র বের করতে জেলা প্রশাসনের দ্বারস্থ হয়েছেন এলাকাবাসী। স্থানীয়রা জানান, গত পাঁচ বছরে স্থানীয় প্লেট ওরাওঁয়ের চার বিঘা, নারুয়া ওরাওঁয়ের ছয় বিঘা, ইয়াসিন আলির তিন বিঘা, বক্কর আলির দুই বিঘা জমি নদীগর্ভে তলিয়ে গিয়েছে। তার সঙ্গে জহিরউদ্দিন আহমেদের ছয় বিঘা, নারায়ণ ভৌমিকের মোট দশ বিঘা সহ খলিলউদ্দিন, জলিলউদ্দিন, অলিলউদ্দিন ও আয়নাল মিয়াঁর মোট ১৫ বিঘা জমিও ছিল।

এবিষয়ে সেচ ও জলপথ বিভাগের আলিপুরদুয়ার ডিভিশনের নির্বাহী বাস্তুকার অমরেশ সিং-কে ফোন করা হলে তিনি ফোন ধরেননি। ক্ষতিগ্রস্ত স্থানীয় বাসিন্দা রাকিব আহমেদ বলেন, 'বর্ষাকাল তো বটেই শীতকালেও চাষের জমি ভেঙে নদীতে তলিয়ে যায়। বিষয়টি প্রশাসন খতিয়ে দেখলে সব কৃষকই উপকৃত হবেন।'

# আদালতে নিশীথ

**আলিপুরদুয়ার, ২০ মে :** একটি পুরোনো মামলায় মঙ্গলবার আলিপুরদুয়ার আদালতে হাজির হন প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক। ২০০৯ সালের মামলা। এদিন শুনানির দিন ছিল। সশরীরে হাজিরার নির্দেশমতো নিশীথ নির্দিষ্ট সময়ে আদালতে হাজির হন।

আইনজীবী সূত্রে জানানো হয়েছে, ২০০৯ সালে নিশীথের কাছ থেকে চোরাই সামগ্রী উদ্ধারের অভিযোগ এনে মামলা হয়েছিল আলিপুরদুয়ার আদালতে। পরবর্তীতে এই বিষয়ে চার্জশিট জমা দেয় আলিপুরদুয়ার আদালত। ইতিপূর্বেও এই একই মামলায় আলিপুরদুয়ার আদালতে হাজির হতে হয়েছিল তাঁকে। এদিন নিশীথ বলেন, 'ভিত্তিহীন পুরোনো মামলা ছিল। আদালতের নির্দেশে হাজির হয়েছি।' সরকার পক্ষের আইনজীবী এবিষয়ে কিছু বলতে চাননি। তবে মন্ত্রীর আইনজীবী সোমশংকর দত্ত বলেন, 'আলিপুরদুয়ার আদালতে একটি পুরোনো মামলা ছিল। এদিন সশরীরে হাজির হতে হয়েছিল। তবে পরবর্তীতে আর তাঁকে আদালতে সশরীরে হাজির হতে হবে না।'

# সিআইডি-কে দায়িত্ব

**আলিপুরদুয়ার, ২০ মে :** আলিপুরদুয়ারে কৌশিক বণিক নামে এক আইনজীবীর বিরুদ্ধে বন্ড জালিয়াতির অভিযোগ উঠেছিল আগেই। পুলিশকে সেই ঘটনার তদন্তের ভার দেওয়া হয়েছিল। তবে মঙ্গলবার সেই মামলার তদন্তের ভার সিআইডি'র হাতে তুলে দেওয়ার নির্দেশ দিল জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ। সরকারি আইনজীবী জয়দীপ চৌধুরী ও হীরক বর্মন জানালেন, বন্ড জালিয়াতির মামলায় পুলিশের তদন্তে তেমন কোনও সাফল্য মেলেনি। তাই এদিন সিআইডিকে তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। সরকারি আইনজীবী সূত্রে জানা গিয়েছে, কৌশিকের বিরুদ্ধে প্রায় ২৯০০-টি বন্ড জালিয়াতির অভিযোগ রয়েছে। এই বিষয়ে সুখেন্দ্রনাথ ভৌমিক নামে এক ব্যক্তি মামলা করেন। তদন্ত শুরু হয়। শেষপর্যন্ত পুলিশ সেই আইনজীবীর বিরুদ্ধে চার্জশিট পেশ করে। তবে এই দুষ্কর্মের সঙ্গে আরও অনেকে যুক্ত বলে মনে করছে আদালত। তাই তদন্তের ভার সিআইডি'কে দেওয়া হয়েছে।



প্রতীকী ছবি

# অ্যাসিড হামলায় গ্রেপ্তার প্রতিবেশী

**রাজু সাহা**

**শামুকতলা, ২০ মে :** ছাত্রীর ওপর অ্যাসিড হামলার ঘটনায় অবশেষে ধরা পড়ল অভিযুক্ত। গত প্রায় এক মাস ধরে পালিয়ে ছিল ওই ব্যক্তি। ৫৮ বছরের ওই ব্যক্তি প্রতিবেশী এক ২১ বছরের কলেজ ছাত্রীর ওপর অ্যাসিড হামলা করে বলে অভিযোগ। গভীর রাতে ঘরে ঢুকে এই কাজ করেছিল সে। প্রথমে তো তরুণীর বাড়ির লোকজন বুঝতেই পারেননি যে, কে এই কাজ করল। তবে ধৃত ব্যক্তি পালাবার সময় বাঁশ বাগানের ভেতর তার মানিব্যাগ পড়ে যায়। সেই মানিবাগের সূত্র ধরেই খোঁজ মেলে তার। পরে গ্রেপ্তার করা হয়।

তদন্তকারী পুলিশ অফিসার তথা ভাটিবাড়ি পুলিশ ফাঁড়ির ওসি দীপায়ন সরকার বলেন, 'অভিযোগ পেয়ে আমরা ঘটনার তদন্ত শুরু করি। মানিব্যাগের সূত্র ধরে অভিযুক্তের পরিচয় জানা যায়। এরপরই ওই ব্যক্তির নামে আমাদের কাছে লিখিত অভিযোগ জমা দেন মেয়েটির বাবা। সে পলাতক ছিল। সম্প্রতি এলাকায় ঢুকেছে বলে আমরা জানতে পারি। এরপরই পাশের একটি গ্রাম থেকে তাকে গ্রেপ্তার করা হয়।'

ঘটনাটি আলিপুরদুয়ার-২ ব্লকের এক প্রত্যন্ত গ্রামের। প্রতিবেশী ওই ব্যক্তি ছাত্রীর ঘরে ঢুকে মুখে অ্যাসিড ছিটিয়ে দিয়েছিল। মেয়েটার মুখের অনেকটা অংশ পুড়ে যায়। বাঁ চোখ ক্ষতিগ্রস্ত হয়। এমনকি তাঁর নাকের নোলক গলে যায়। মেয়েটির ভবিষ্যতের কথা ভেবে তাঁর পরিবারের লোকেরা ঘটনাটি প্রথমে গোপন রেখেছিলেন। এছাড়াও কী উদ্দেশ্যে কে বা কারা ওই ছাত্রীর মুখে অ্যাসিড ছুড়ল তা নিয়েও তাঁরা ধন্দে ছিলেন। সেদিন রাতে মেয়ের চিৎকার শুনে তাঁর বাবা ছুটে আসেন। সেই সময় অন্ধকারে এক ব্যক্তিকে পালিয়ে যেতে দেখেন বাঁশ বাগানের ভিতর দিয়ে। পিছু নিয়েও তাকে ধরতে পারেননি। ঘটনার পরের দিন ভাটিবাড়ি পুলিশ ফাঁড়িতে লিখিত অভিযোগ জানান মেয়েটির বাবা। তাতে অজ্ঞাতপরিচয় ব্যক্তির উল্লেখ ছিল। পরে ওই বাঁশ ঝোপের ভিতর অভিযুক্তের মানিব্যাগ মেলে। তাতে তার আধার কার্ড এবং ছবি ছিল। তখন সবাই বুঝতে পারেন যে সেই গ্রামেরই এক বাসিন্দা এই কাজ করেছে। তাকে সেই তরুণী দাদু বলে ডাকতেন। কিন্তু ঘটনার দিনকয়েক আগে তরুণীকে ফোন করে সেই ব্যক্তি কুপ্রস্তাব দেয় বলে অভিযোগ। মেয়েটি রেগে গিয়ে তার সঙ্গে কথা বলা বন্ধ করে দেন। প্রাথমিক তদন্তের পর পুলিশের অনুমান, কুপ্রস্তাবে রাজি না হওয়াতেই ওই হামলা বলে মনে করা হচ্ছে।

এতদিন এই ঘটনায় অভিযুক্ত গ্রেপ্তার না হওয়ায় ওই পরিবার এবং গ্রামবাসীরা রীতিমতো ক্ষুব্ধ ছিলেন। তাঁরা পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছিলেন। তবে পাকড়াও করার পর তাঁরা পুলিশকে ধন্যবাদ জানিয়েছেন।

**কীভাবে ধৃত**

- ফেলে যাওয়া মানিব্যাগ থেকে পরিচয় জানা যায়
- তার খোঁজে তল্লাশি চললেও গ্রামছাড়া ছিল অভিযুক্ত
- সম্প্রতি সে এলাকায় ঢোকে
- পাশের গ্রাম থেকে গ্রেপ্তার করা হয়েছে



*অস্ত্রোপচারের পরে সুখমায়ার সঙ্গে আলোচনায় চিকিৎসকরা। মঙ্গলবার।*

# সফল অস্ত্রোপচার ক্যানসার আক্রান্তের

**অভিজিৎ ঘোষ**

**আলিপুরদুয়ার, ২০ মে :** আলিপুরদুয়ার জেলা হাসপাতালে স্তন ক্যানসারে আক্রান্ত এক রোগিণীর সফল অস্ত্রোপচার হল। তাঁর নাম সুখমায়া রাই। তিনি কালচিনি ব্লকের জয়গাঁর বাসিন্দা।

৫৫ বছর বয়স্ক সুখমায়ার সফল অস্ত্রোপচারের পরে জেলা হাসপাতালের সুপার পরিতোষ মণ্ডল বললেন, 'ক্যানসার আক্রান্তরা অনেক সময়ে উৎকণ্ঠিত হয়ে পড়েন। বেসরকারি হাসপাতালের দ্বারস্থ হন। তবে জেলা হাসপাতালে সব ধরনের ক্যানসারের চিকিৎসা হচ্ছে।' সুখমায়ার অস্ত্রোপচার করেছেন ডাঃ পবিত্র রায়। বর্তমানে সুস্থ আছেন সুখমায়া। মঙ্গলবার সুখমায়ার মেয়ে আশা রাই বললেন, 'জেলা হাসপাতালে যে মায়ের চিকিৎসা হবে তা ভাবতে পারিনি। খরচ নিয়ে চিন্তায় ছিলাম। বেসরকারি হাসপাতালে চিকিৎসা চালানোর মতো আর্থিক সংগতি আমাদের নেই।'

প্রতিবছর আলিপুরদুয়ার জেলায় স্তন ক্যানসারে আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ছে। ২০২৩-২০২৪ অর্থবর্ষে আলিপুরদুয়ারের বাসিন্দা ৮ জন স্তন ক্যানসারে আক্রান্ত হন। ২০২৪-২০২৫ অর্থবর্ষে স্তন ক্যানসারে আক্রান্ত হয়েছেন ১৭ জন। আলিপুরদুয়ার জেলা হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, অনেকেই ক্যানসার আক্রান্ত হয়ে বেসরকারি হাসপাতালে চিকিৎসাখাতে লক্ষ লক্ষ টাকা খরচ করছেন। এই পরিস্থিতিতে স্তন ক্যানসারে আক্রান্ত সুখমায়া রাইয়ের সফল অস্ত্রোপচার করে পথ দেখাল জেলা হাসপাতাল। ২০১৫ সাল থেকে রাজ্য স্বাস্থ্য দপ্তর জেলা হাসপাতালগুলোতে সব ধরনের ক্যানসারে আক্রান্ত রোগীর চিকিৎসা শুরু করেছে।

হাসপাতাল সূত্রে আরও জানা গিয়েছে, সুখমায়া চার মাস আগে চিকিৎসার জন্যে আলিপুরদুয়ারের জেলা হাসপাতালের দ্বারস্থ হন। এর আগে বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালে তাঁর চিকিৎসা হয়েছে। এছাড়া বেসরকারি নানা জায়গাতেও শারীরিক পরীক্ষা-নিরীক্ষা করান সুখমায়া।

কেমোথেরাপি করে জেলা হাসপাতালের চিকিৎসকরা সুখমায়ার চিকিৎসা শুরু করেন। ওঁর অস্ত্রোপচার করা হয়েছে আটদিন আগে। মঙ্গলবার সুখমায়া বাড়ি ফিরে গিয়েছেন। আলিপুরদুয়ার জেলা হাসপাতালের অঙ্কোলজিস্ট সারতাজ আহমেদ বললেন, 'সুখমায়া চিকিৎসার জন্যে নানা জায়গায় গিয়েছিলেন। তবে জেলা হাসপাতালে আসার পরে ওঁর যথাযথ চিকিৎসা শুরু হয়। প্রথমে ৪টি কেমোথেরাপি দেওয়া হয়। কাজ না হওয়ায় ফের ৩টি কেমোথেরাপি দেওয়া হয়। অস্ত্রোপচার ঠিকমতো হয়েছে। এরপর হাসপাতালেই ওঁকে কেমোথেরাপি দেওয়া হবে। ওঁকে কেবল রেডিওথেরাপির জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে যেতে হবে।' জেলা হাসপাতালের সূত্রে আরও জানা গিয়েছে, রেডিওথেরাপির পর আগামী পাঁচ বছর আলিপুরদুয়ার জেলা হাসপাতালেই সুখমায়ার হরমোনথেরাপি চলবে।

# ভাড়াটে ও বহিরাগতদের তথ্য নেবে পুলিশ

**রাজু সাহা**

**শামুকতলা, ২০ মে :** বাড়িতে ঢুকে মহিলা ব্যবসায়ীকে অস্ত্র দিয়ে কোপানোর ঘটনার পর এবার নড়েচড়ে বসল শামুকতলা থানা। শামুকতলা এলাকায় বাইরে থেকে আসা লোকজন ও বিভিন্ন বাড়িতে থাকা ভাড়াটেদের তথ্য জোগাড় করতে শুরু করল পুলিশ। বাড়ির মালিকরা যাতে তাঁদের ভাড়াটেদের তথ্য দ্রুত থানায় এসে জমা দেন, সেই নির্দেশ দেওয়া হয়েছে। ভাড়াটে বা ব্যবসায়ীর ছদ্মবেশে কোনও দুষ্কৃতী এলাকায় ঘাঁটি গাড়লে তা এলাকার বাসিন্দা বা পুলিশের পক্ষে বোঝা সম্ভব হয় না। কিন্তু এব্যাপারে যদি এলাকার বাসিন্দারা আগে থেকেই যাবতীয় তথ্য থানায় দিয়ে রাখেন তাহলে পুলিশের পক্ষে কাজ অনেক সহজ হয়ে যাবে বলেই মনে করা হচ্ছে।

এবিষয়ে শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে বলেন, 'আমরা এলাকার বাসিন্দা এবং ব্যবসায়ীদের কাছে বার্তা দিয়েছি এলাকার সমস্ত ভাড়াটে এবং বাইরে থেকে ব্যবসা বা অন্যান্য কাজে যুক্তদের তথ্য শামুকতলা থানায় জমা দিতে।

**শামুকতলা**

অজানা, অচেনাদের ওইসব তথ্য আমাদের কাছে থাকলে ভবিষ্যতে বিভিন্ন ক্ষেত্রে আমাদের সুবিধা হবে।'

অনেক সময় এলাকায় চুরি, ডাকাতি বা গুরুতর হামলার ঘটনা ঘটলে দুষ্কৃতীকে খুঁজে পেতে পুলিশকে বেশ সমস্যায় পড়তে হয়। পুলিশ জানিয়েছে, শামুকতলা থানা এলাকায় বহু বাড়িতে ভাড়াটে রয়েছে। তাঁদের সবার তথ্য পুলিশের কাছে নেই।

অন্যদিকে এলাকার বাইরে থেকে প্রচুর ফেরিওয়ালা এসে বিভিন্ন দ্রব্য বিক্রি করেন। মালদা, মুর্শিদাবাদ থেকেও অনেকে এসে ব্যবসা করেন।

এপ্রসঙ্গে এলাকার ব্যবসায়ী সমিতির সম্পাদক মানিক দে বলেন, 'আমাদের এই এলাকার সমস্ত ভাড়াটে এবং ব্যবসার কাজে যুক্ত যাঁরা, তাঁদের সকলের তথ্য থানায় জানানোর জন্য শামুকতলা থানার পক্ষ থেকে বলা হয়েছে। আমরা এলাকার ব্যবসায়ী এবং সাধারণ মানুষের মধ্যে সেই বার্তা ছড়িয়ে দিয়েছি। আমরা এখন চাই, সবাই যাতে দ্রুত থানায় গিয়ে যাবতীয় তথ্য জমা দেন।'

সম্প্রতি বাড়িতে ঢুকে শামুকতলার মহিলা ব্যবসায়ী পূর্ণিমা পাল এবং তাঁর ছেলে প্রসন্ন পালের উপর ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে এক দুষ্কৃতী।

এখনও সেই দুষ্কৃতীর খোঁজ পায়নি পুলিশ। কী উদ্দেশ্যেই বা ওই মহিলা এবং তাঁর ছেলের উপর হামলা চালানো হল তাও এখনও পরিষ্কার নয়। চুরি নাকি খুনের চেষ্টাতেই হামলা তা বুঝতে পুলিশ সবদিক খতিয়ে দেখছে। বেশ কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করার পাশাপাশি সমস্ত সিসিটিভি ক্যামেরার ফুটেজও খতিয়ে দেখতে শুরু করেছে পুলিশ। পুলিশ তদন্ত শুরু করেছে।

বর্তমানে গুরুতর জখম অবস্থায় ওই মহিলা মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। তবে তাঁর ছেলে প্রসন্ন এখন অনেকটাই সুস্থ।

# ট্রেনের টিকিট জালিয়াতিতে ধৃত

**আলিপুরদুয়ার, ২০ মে :** রেলের টিকিট অবৈধভাবে বিক্রির অভিযোগে সোমবার দুপুরে আরপিএফ এক তরুণকে গ্রেপ্তার করেছে। অভিযোগ, রেলের নিজস্ব আইডি থেকে অবৈধভাবে টিকিট কেটে সাধারণ যাত্রীদের কাছে দ্বিগুণ ও তিনগুণ দামে বিক্রি করছিল ওই তরুণ। তারপর তাকে গ্রেপ্তার করা হয়। মোবাইল মেরামতের দোকান ও ক্যাফে খুলে ধৃত তরুণ রেলের ই-টিকিট বিক্রি করত বলে তদন্তকারীরা জানিয়েছেন। আলিপুরদুয়ার চৌপথি এলাকাতে ওই তরুণের দোকান রয়েছে। ওই তরুণকে দোকান থেকে আরপিএফ তুলে নিয়ে গেলে এলাকায় চাঞ্চল্য ছড়ায়। আরপিএফের ক্রাইম ইন্টেলিজেন্স ব্রাঞ্চ ও ক্রাইম প্রিভেনশন ডিটেকশন স্কোয়াড যৌথভাবে এই অভিযানে নামে। আরপিএফের এক কর্তা জানিয়েছেন, এবছর এই নিয়ে প্রায় আটটি মামলা হয়েছে। তাদের প্রত্যেকের বিরুদ্ধে অবৈধ ই-টিকিট বিক্রির অভিযোগ ছিল।



# হাতির হানায় তছনছ ভুট্টা, পাটখেত

**মোস্তাক মোরশেদ হোসেন**

**রাঙ্গালিবাজনা, ২০ মে :** মাদারিহাট-বীরপাড়া ব্লকের খয়েরবাড়ি গ্রাম পঞ্চায়েতের বাংলাপাড়ায় সোমবার রাতভর তাণ্ডব চালাল একপাল হাতি। তছনছ হয়ে গিয়েছে এলাকার পাটখেতগুলি। প্রচুর ভুট্টা সাবাড় করেছে হাতিগুলি। খবর পেয়ে রাতে ঘটনাস্থলে যান বনকর্মীরা। হাতিগুলিকে তাড়িয়ে খয়েরবাড়ি ফরেস্টে ঢুকিয়ে দেন তাঁরা। মঙ্গলবার সকালবেলা ফের ক্ষয়ক্ষতির পরিমাণ খতিয়ে দেখেন মাদারিহাট রেঞ্জের উত্তর খয়েরবাড়ির বিট অফিসার বিধান দে। তিনি জানান, ক্ষতিগ্রস্তদের সরকারি নিয়ম অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হবে। একই রাতে ফালাকাটা ব্লকের পূর্ব দেওগাঁওয়ে হাতির থানায় ক্ষতিগ্রস্ত হয়েছে বেশ কিছু পাটখেত।

জমি থেকে ভুট্টা ঘরে তোলার মরশুম শেষের দিকে। কয়েকদিন ধরে বৃষ্টি চলছে তাই পেকে গেলেও ভুট্টা ঘরে তোলেননি বাংলাটাড়ির দীনেশ রায়, সুবল রায়রা। ভুট্টা গাছের মাথা কেটে কাছেই ফলগুলি শুকানো হচ্ছিল। রাতে প্রায় ২০-২৫টি হাতি বন থেকে গ্রামে হানা দেয়, জানান এলাকার মাধব রায়। এলাকার জয়ন্ত রায় বলেন, 'এতগুলি হাতি একসঙ্গে গ্রামে ঢুকে পড়ায় আমরা আতঙ্কিত হয়ে পড়ি। তাড়ানোর চেষ্টা করেও ব্যর্থ হই। কারণ অন্ধকারে হাতি তাড়াতে যাওয়া অত্যন্ত বিপজ্জনক। মাদারিহাট বীরপাড়া ব্লকে প্রায়ই হাতির আক্রমণে মানুষের মৃত্যু হয়। তাই বন দপ্তরে খবর দেওয়া হয়।' এদিন সুবল এবং দীনেশের প্রায় দু'বিঘা জমির ভুট্টা সাবাড় করে হাতিগুলি। সুবল বলছেন, 'আমাদের সর্বনাশ হয়ে গেল!'

এদিন তছনছ হয়ে গিয়েছে সুভাষ রায়, সুনীল রায়, দুলাল রায়, চন্দ্রমোহন রায়ের প্রায় ৪ বিঘার জমির পাট। ক্ষতিগ্রস্তরা জানান, প্রায় সারাবছরই বাংলাটাড়িতে হানা দেয় হাতি। গতবছর প্রচুর আলু সাবাড় করেছিল হাতি। দীনেশের কথায়, 'হাতির উৎপাতে চাষাবাদ করাই মুশকিল হয়ে পড়েছে।' খয়েরবাড়ি ফরেস্ট থেকে বেরিয়ে বাংলাটাড়ি এবং দেওগাঁওয়ে প্রায়ই হানা দিচ্ছে হাতি।

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১কোটির বিজয়ী হলেন উত্তর ২৪ পরগণা-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, উত্তর ২৪ পরগণা - এর একজন বাসিন্দা রফিক আলী মণ্ডল - কে 06.03.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির টিকিট নম্বর 35K 22596 এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "ডিয়ার লটারি বয়স ও লিঙ্গ নির্বিশেষে সমস্ত সাধারণ মানুষকে কোটিপতি হওয়ার সুযোগ প্রদান করছে। এটি সম্ভপর হয়েছে স্বল্প পরিমাণ টিকিট মূল্যের বিনিময়ে, তাই সমস্ত সাধারণ মানুষকে ডিয়ার লটারির মাধ্যমে তাদের ভাগ্য পরীক্ষা করার জন্য অনুরোধ করছি।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয় তাই এর সততা প্রমাণিত।

* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।





ছোট্ট তারা

ফালাকাটা হাইস্কুলের ষষ্ঠ শ্রেণির ছাত্র বৈদূর্য চক্রবর্তী মেধা অন্বেষণ পরীক্ষায় জেলায় প্রথম হয়। আবৃত্তির জন্য বহু পুরস্কার পেয়েছে বৈদূর্য।



আলিপুরদুয়ার শহরের বড়বাজারে আমের পসরা সাজিয়ে বসেছেন ব্যবসায়ী। ছবি : আয়ুষ্মান চক্রবর্তী

# কৃষ্ণনগরের আম ঢুকেছে শহরে

দামিনী সাহা

**আলিপুরদুয়ার, ২০ মে :** আলিপুরদুয়ারে এখন সকাল মানেই ফলের ঝাঁপির সামনে দাঁড়িয়ে চলে স্বাদের সন্ধান। হিমসাগর, ল্যাংড়া প্রতিটি আম যেন বয়ে আনছে রসনার সঙ্গে আবেগের এক অদৃশ্য যোগসূত্র। আর সেই সম্পর্কেই আবার নতুন করে শুরু হয়েছে এক মিষ্টি ঋতুর গল্প।

ঘুমকাতুরে বাঙালি খাদ্যরসিকও বটে। সকালে ঘুম থেকে উঠে আলিপুরদুয়ার বড়বাজারে তারা ভিড় জমাচ্ছেন। ফলের দোকানগুলোর সামনেই মানুষের জটলা বেশি। কারও হাতে দু'কেজি হিমসাগর, কেউ আবার পাকা ল্যাংড়া দেখে দরকষাকষি করছেন। গ্রীষ্মের ভোরবেলার একটাই গন্ধ, পাকা আমের। দক্ষিণ ভারতের মাদ্রাজ আমের দাপট যেন কিছুটা থমকে, এবার বাজারে ফিরে এসেছে বহু প্রতীক্ষিত কৃষ্ণনগরের হিমসাগর ও ল্যাংড়া।

ফল বিক্রেতা চিরঞ্জিৎ রায় জানালেন, 'এই সপ্তাহে কৃষ্ণনগর থেকে ভালো মানের হিমসাগর এসেছে। কৃষ্ণনগরের ল্যাংড়াও ঢুকেছে বাজারে। দাম একটু বেশি, তবে চাহিদা প্রচুর। লোকজন তো বাঙালির ঘরোয়া আমের স্বাদই খোঁজেন।'

বড়বাজারে গিয়ে দেখা গেল, হিমসাগর কেজি প্রতি দাম ৫০ থেকে ৭০ টাকা। ল্যাংড়ার দাম তুলনামূলক বেশি। ১১০ টাকা পর্যন্ত উঠেছে। মাদ্রাজ আম এখনও বাজারে আছে, তবে ক্রেতাদের মন পড়ে আছে হিমসাগর-ল্যাংড়ার দিকেই।

বিকাশ ঘোষ নামে অপর ফল বিক্রেতা বলেন, 'ক্রেতা এসে মালদার আম না পেয়ে কৃষ্ণনগরের ল্যাংড়ার খোঁজ করেন। যদিও হতাশ হয়েই ফিরতে হচ্ছে তাঁদের। জুনের শুরুতে ঢুকবে মালদা ও কৃষ্ণনগরের আম।'

**আম-আদমি**

- কৃষ্ণনগর থেকে ভালো মানের হিমসাগর এসেছে
- কৃষ্ণনগরের ল্যাংড়াও ঢুকেছে বাজারে
- বড়বাজারে হিমসাগর কেজি প্রতি দাম ৫০ থেকে ৭০ টাকা
- ল্যাংড়ার দাম ১১০ টাকা পর্যন্ত উঠেছে
- মাদ্রাজের আমও এখনও বাজারে আছে

কিন্তু কেন শুধু মালদা বা কৃষ্ণনগরের আম? এই প্রশ্ন করতেই ক্রেতাদের মুখে হাসি দেখা গেল। স্কুল শিক্ষিকা অনন্যা সাহা জানালেন, মালদা বা কৃষ্ণনগরের আম মিষ্টি। গঠনেও আলাদা। তিনি বলেন, 'বছরভর তো আম মেলে না। এই সময়টাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। হিমসাগর আর ল্যাংড়া ছাড়া আমাদের বাড়িতে আম খাওয়াই হয় না।'

যদিও বাজার ঘুরে দেখা গেল, শুধু মালদা বা কৃষ্ণনগরের আম নয়। ক্রেতারা বিভিন্ন ধরনের আমের খোঁজ করছেন। কেউ চাইছেন চৌসা, আবার কেউ খোঁজ করছেন দশেরি কিংবা ফজলির। কারণ সিজন বাড়লেই আসবে আরও নানারকম আম ফজলি, লক্ষ্মণভোগ, চৌসা, দশেরি ইত্যাদি। কলেজ ছাত্র দীপঙ্কর দত্তের চাহিদা ফজলির। তিনি বলেন, 'আমি ফজলির জন্য অপেক্ষা করছি। বাজারে এলে, প্রথম দিনই কিনে ফেলব।'

বাজারের পুরোনো দোকানিদের মতে, এবছর কৃষ্ণনগরের আম কিছুটা দেরিতে এলেও স্বাদে ভালো। চাহিদা বেশি থাকায় আগেভাগেই প্রচুর স্টক রাখতে হচ্ছে। কৃষ্ণনগরের ফলন ভালো। জুনে মালদা আর উত্তরপ্রদেশ থেকে আম এলে বাজার আরও জমে উঠবে বলেই তাঁদের মত।

শুধু ফল কেনাবেচাই নয়, ক্রেতা-বিক্রেতার মধ্যে জমে ওঠে গল্প, স্বাদের আলোচনা, পুরোনো দিনের স্মৃতি। স্মৃতির পাতায় এক বৃদ্ধ চলে গেলেন তাঁর ছোটবেলায়। বললেন, 'আমার ছেলেবেলায় এই বাজারেই প্রথম হিমসাগর খেয়েছি, বাবার হাত ধরে।' আবার কোথাও ছোট ছেলে মায়ের হাত ধরে বায়না করছে, 'ওই হলুদ আমটা দাও'।

# দিনবাজারে দখলদারি

## জায়গা হারিয়ে পথে সবজি বিক্রেতারা

মোস্তাক মোরশেদ হোসেন

**বীরপাড়া, ২০ মে :** আলিপুরদুয়ার বীরপাড়ার দিনবাজারে একসময় সবজি বিক্রেতাদের জন্য যথেষ্ট জায়গা ছিল। সময়ের সঙ্গে সঙ্গে ব্যবসা বেড়েছে। বড় বড় দোতলা, তিনতলা ভবন তৈরি হয়েছে। ফলে জায়গা হারিয়েছেন সাধারণ সবজি বিক্রেতারা। বছর দশেক ধরে মাড়োয়ারি ধর্মশালার সামনের ফাঁকা জায়গাটিতে দৈনিক সবজি বাজার বসে। পাশাপাশি দিনবাজার থেকে শরৎ চ্যাটার্জি কলোনি যাওয়ার গলিপথ জুড়েও পসরা সাজান সবজি বিক্রেতারা। ফলে ওই রাস্তায় যাতায়াতেও সমস্যা বাড়ছে। স্থানীয় বাসিন্দা শান্তজ্যোতি বসু বলছেন, 'দিনবাজারের পরিকাঠামো অত্যন্ত নিম্নমানের। সবকিছুই অপরিকল্পিত। তার ওপর জবরদখলের জেরে সমস্যা আরও বেড়েছে।'

আলিপুরদুয়ার জেলা পরিষদের তত্ত্বাবধানে দিনবাজারে রবিবার সাপ্তাহিক হাট বসে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, দিনবাজারে হাটের জমি দখল করে বিক্রির ঘটনা ঘটছে। রাজনৈতিক নেতাদের হাত থাকায় জবরদখলকারীদের বিরুদ্ধে মুখ খোলার সাহস পান না তাঁরা। পাশাপাশি জেলা পরিষদকে কর দেওয়ার বিনিময়ে একই ব্যক্তি বেনামে একাধিক জমি ভোগদখল করছেন বলেও অভিযোগ। ব্যবসায়ীদেরই একাংশ জানান, বীরপাড়ায় এমনও ব্যবসায়ী রয়েছেন, যিনি নিজের নাম ছাড়াও বেনামে জমি নিয়ে ঘর তৈরি করে ভাড়া দিচ্ছেন। প্রায় দু'দশক ধরে লাগামছাড়াভাবে বেআইনি নির্মাণকাজের জেরে দিনবাজারে ফাঁকা জায়গা নেই বললেই চলে।

সবজি বিক্রেতা নৃপেনচন্দ্র সেন বলেন, 'কয়েক বছর আগে দিনবাজারের উত্তরদিকে অন্য জায়গায় বসে ব্যবসা করতাম। কিন্তু নানা কারণে আমরা এখন ওই দিকটায় বসি না।' দিনবাজারে গিয়ে দেখা গেল, নৃপেনের মতো অনেক সবজি বিক্রেতা ফুটপাথ আটকে গলির একাংশ দখল করে ব্যবসা করছেন। পাশাপাশি অনেকে রাস্তার পাশের নিকাশিনালার ঢাকনার ওপর দখল করে দোকান সাজিয়েছেন। ফলে ঘিঞ্জি দিনবাজারে সমস্যা আরও বাড়ছে। সাধারণ মানুষের যাতায়াত করাও দুঃসহ হয়ে উঠেছে।

বীরপাড়া এথেলবাড়ি মার্চেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি মান্নালাল জৈন বলেন, 'দিনবাজারে জেলা পরিষদের জমিতে অনেক বেআইনি নির্মাণকাজ হয়েছে। সবজি বিক্রেতারা বসার জায়গা হারিয়েছেন। এদিকে মাড়োয়ারি ধর্মশালার সামনের জায়গায় প্রতিদিন বাজার বসায় সমস্যা হচ্ছে। ধর্মশালায় নানা ধরনের সামাজিক, ধর্মীয় এবং রাজনৈতিক অনুষ্ঠানও হয়।'

আলিপুরদুয়ার জেলা পরিষদের স্থানীয় সদস্য তথা পূর্ত কর্মাধ্যক্ষ রমেশ ওরাওঁ অবশ্য প্রভাবশালীর তত্ত্ব এড়িয়ে গিয়েছেন। তাঁর দাবি, তিনি দু'বছর হল জেলা পরিষদের সদস্য হয়েছেন। জবরদখলের পেছনে রাজনৈতিক নেতাদের হাত রয়েছে কি না, সে ব্যাপারে তিনি কিছু জানেন না। পাশাপাশি তিনি বলেন, 'অনেকেই রাস্তা দখল করে নির্মাণকাজ করেছেন। কেউ কেউ রাস্তায় জিনিসপত্র রেখে ব্যবসা করছেন। এধরনের বেআইনি কার্যকলাপ বরদাস্ত করা হবে না। এনিয়ে পদক্ষেপ করা হবে। যাঁরা বেআইনি কাজ করছেন, তাঁদের প্রত্যেককে জেলা পরিষদের তরফে প্রথমে নোটিশ পাঠানো হবে।'



দিনবাজারের গলিপথে এভাবেই বসেন সবজি বিক্রেতারা।

**যেভাবে জবরদখল**

- দিনবাজারে হাটের জমি দখল করে বিক্রি
- জবরদখলকারীদের পেছনে রাজনৈতিক নেতাদের হাত
- তাঁদের বিরুদ্ধে মুখ খোলার সাহস পাচ্ছেন না সাধারণ ব্যবসায়ীরা
- এমনও ব্যবসায়ী রয়েছেন, যিনি বেনামে জমি নিয়ে ভাড়া দিচ্ছেন

> কয়েক বছর আগে দিনবাজারের উত্তরদিকে অন্য জায়গায় বসে ব্যবসা করতাম। কিন্তু নানা কারণে আমরা এখন ওই দিকটায় বসি না।
>
> **নৃপেনচন্দ্র সেন**

# ছোট গাড়িতে ছাগল চুরি, উদ্ধার যন্ত্রপাতিও

ভাস্কর শর্মা

**ফালাকাটা, ২০ মে :** প্রযুক্তি বদলেছে, বদলেছে অপরাধের পদ্ধতিও। তবে এই অপরাধ কোনও সোনার দোকান বা বাড়িতে চুরি নয়। এই চুরির ঘটনা ছাগলকে কেন্দ্র করে। ভাবছেন এ আর কী এমন ব্যাপার! গাঁয়ে-গঞ্জে তো প্রায়ই হয়। কিন্তু ফালাকাটায় সোমবার রাতে ছোট গাড়িতে ছাগল চুরি করে পালানোর ঘটনা সামনে এসেছে। অবাক হচ্ছেন? বাস্তবে এমন আজব ঘটনাই ওইদিন রাতে ঘটেছে ফালাকাটার বাগানবাড়ি-হরিনাথপুর এলাকায়। ফালাকাটা থানার পুলিশ চুরি করে পালানোর সময় এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। বাজেয়াপ্ত করা হয়েছে ছোট গাড়ি, ছাগল এবং নানা যন্ত্রপাতি। ধৃতকে এদিনই পুলিশ আদালতে পাঠিয়েছে।

ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্য বলেন, 'ছাগল চুরি করে পালানোর সময় আমরা এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছি। তার কাছ থেকে একটি দামি গাড়ি, সাতটি ছাগল এবং বেশ কিছু যন্ত্রাংশ মিলেছে। ব্যক্তিকে এদিন আদালতে তুলে পুলিশি হেপাজত চাওয়া হয়েছে।' ছাগল চুরির দায়ে আইনুল হককে (৪৫) গ্রেপ্তার করা হয়েছে। তার বাড়ি ছোটশালকুমার উমাচরণপুর এলাকায়।

পুলিশের কাছে আগে থেকেই খবর ছিল ফালাকাটা শহরের বাগানবাড়ি দিয়ে ছাগল চুরি করে এক ব্যক্তি পালাতে পারে। কিন্তু তবে চোর যে ছোট গাড়ি ব্যবহার করবে তা ভাবতেও পারেনি পুলিশ। ফালাকাটা থানার এসআই মোহনচন্দ্র বর্মনের নেতৃত্বে পুলিশ বাগানবাড়ি-হরিনাথপুর এলাকায় নাকা চেকিং শুরু করে। তখনই একটি বিলাসবহুল গাড়ি রাস্তা দিয়ে এগোতে থাকে। কিন্তু হঠাৎ পুলিশ দেখা মাত্রই গাড়িটি উলটোদিকে পালাতে থাকে। পুলিশও ওই গাড়ির পিছু নেয়। তবে পালাতে পারেনি চোর। চালককে ধরে বের করে জিজ্ঞাসাবাদ করতেই ছাগল চুরির বিষয়টি প্রকাশ্যে আসে। পুলিশের সন্দেহ হওয়ায় গাড়ির ডিকি খুলেই দেখেন কয়েকটি ছাগল রয়েছে। পরে গাড়ি সহ ওই ব্যক্তিকে থানায় নিয়ে আসা হয়। পুলিশ জানিয়েছে, ছাগলগুলি খোঁয়াড়ে পাঠানো হয়েছে। এদিন ধৃত আইনুল হককে আদালতে তোলা হয়েছে। জানা গিয়েছে, ব্লকের উমাচরণপুর, গলাকাটার মতো এলাকায় প্রায়দিনই ছাগল, গোরু চুরির মতো ঘটনা ঘটছে। ছাগল উদ্ধার হলেও সেই ছোট গাড়িটির মালিক কে? তার খোঁজ শুরু করেছে পুলিশ।

> ছাগল চুরি করে পালানোর সময় আমরা এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছি। তার কাছ থেকে একটি দামি গাড়ি, সাতটি ছাগল এবং বেশ কিছু যন্ত্রাংশ পাওয়া গিয়েছে।
>
> **অভিষেক ভট্টাচার্য,** *আইসি ফালাকাটা থানা*



খেলায় ব্যস্ত। আলিপুরদুয়ার জংশন এলাকায় মঙ্গলবার ছবিটি তুলেছেন আয়ুষ্মান চক্রবর্তী।

## স্মারকলিপি

**আলিপুরদুয়ার, ২০ মে :** কলকাতায় চাকরিহারা শিক্ষকদের ওপর পুলিশের লাঠিচার্জের ঘটনায় প্রতিক্রিয়া জানাল এসইউসিআই (সি)-র কৃষক সংগঠন, অল ইন্ডিয়া কিষান খেত মজদুর সংগঠন। সোমবার সংগঠনের আলিপুরদুয়ার জেলা কমিটির পক্ষ থেকে মুখ্যমন্ত্রীকে উদ্দেশ্য করে আলিপুরদুয়ার থানার ওসির কাছে একটি স্মারকলিপি জমা দেওয়া হয়। সংগঠনের সভাপতি তবনী রায় বলেন, 'যোগ্য শিক্ষকরা তো শুধু চাকরি কেন হারালেন, সেটা জানতে গিয়েছিলেন। তা সত্ত্বেও, তাঁদের এভাবে মারা হল কেন?' সংগঠনের তরফে হামলার সঙ্গে যুক্ত পুলিশ ও দুষ্কৃতীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো হয়েছে। পাশাপাশি, যোগ্যদের চাকরিতে পুনর্বহাল করারও দাবি জানানো হয়েছে।

## থানায় রক্তদান

**জয়গাঁ, ২০ মে :** আলিপুরদুয়ার জেলা পুলিশের পক্ষ থেকে জয়গাঁ থানায় মঙ্গলবার রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এদিন সকাল থেকে দুপুর পর্যন্ত ৪০০ বোতল রক্ত সংগ্রহ হয়েছে। সংগৃহীত রক্ত আলিপুরদুয়ার হাসপাতালের ব্লাড ব্যাংকে দেওয়া হয়। এই রক্তদান শিবির সম্বন্ধে জয়গাঁ থানায় সমাজসেবীদের নিয়ে বৈঠক করেছিলেন পুলিশকর্মীরা। এদিন সমাজসেবীরা শোভাযাত্রা করে থানায় গিয়ে রক্তদান করেন। পুলিশকর্মীরাও এগিয়ে আসেন রক্ত দিতে। জয়গাঁর এসডিপিও প্রশান্ত দেবনাথ বলেন, 'জেলা পুলিশের পক্ষ থেকে এই উদ্যোগ নেওয়া হয়েছে। সব থানায় এই শিবির করা হবে।' কোনও ব্যক্তির রক্তের অভাবে যাতে প্রাণ না যায়, তাই এই উদ্যোগ।

# অঙ্গনওয়াড়ি কেন্দ্রের চালে উৎকট গন্ধ

প্রণব সূত্রধর

**আলিপুরদুয়ার, ২০ মে :** অঙ্গনওয়াড়ি কেন্দ্রের চালে উৎকট গন্ধ। গন্ধের জন্য ভাতই খেতে চাইছে না খুদেরা। এমন অভিযোগ উঠেছে আলিপুরদুয়ার শহর সহ একাধিক জায়গার অঙ্গনওয়াড়ি কেন্দ্রে। পুরাতন চাল থাকায় এমন সমস্যা বলে মনে করছেন অঙ্গনওয়াড়ি কর্মীরা। তবে পুরোনো চালের অভিযোগ উঠতেই বেশিরভাগ অঙ্গনওয়াড়ি কেন্দ্রেই চাল বদলে ফেলা হয়েছে বলে আইসিডিএস কর্তারা জানান। আর যে কয়েকটি জায়গায় পুরাতন চাল রয়েছে, তা এক দুইদিনের মধ্যেই বদলে ফেলা হবে বলে আশ্বাস দেওয়া হয়েছে।

আলিপুরদুয়ার শহরের এক উপভোক্তা বলেন, 'আমার ছেলের চার বছর বয়স। অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ভাত নিলে তা খেতে চাইছে না। এর আগে এমন হয়নি। আমরা চাই ছোটদের জন্য ভালো চাল, ডাল সরবরাহ হোক।'

আলিপুরদুয়ার শহরে প্রায় ৭৫টি অঙ্গনওয়াড়ির কেন্দ্র রয়েছে। এর মধ্যে একাধিক কেন্দ্রে চালে উৎকট গন্ধ পাওয়ার অভিযোগ উঠছে। সেই চালের গন্ধেই ভাত খেতে রীতিমতো অনীহা তৈরি হচ্ছে শিশুদের। এমনই অভিযোগ অভিভাবক ও অঙ্গনওয়াড়ির কর্মী ও সহায়িকাদেরও।

আলিপুরদুয়ার শহরের এক অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মী বলেন, 'চালটি লালচে রংয়ের। সম্ভবত দু'রকম চাল মেশানো। উৎকট গন্ধের কারণে শিশুদেরও ভাত খেতে অনীহা দেখা দিয়েছে।'

**খাবারে অনীহা শিশুদের**

এই বিষয়ে জানতে জেলা সুসংহত শিশু বিকাশ প্রকল্প আধিকারিক শুভম দাসকে একাধিকবার ফোন করা হলেও কোনও বক্তব্য পাওয়া যায়নি। তবে সিডিপিও প্রণয় দে বলেন, 'কিছু কেন্দ্রে পুরাতন চালের অভিযোগ আসতেই তা বদলে দেওয়া হয়েছে। তবে বুধবার থেকে নতুন করে ভালো চাল পৌঁছানোর ব্যবস্থা করা হয়েছে।'

অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের কাছ থেকে জানা গিয়েছে, পুরাতন চাল থাকায় অভিভাবকরা বিভিন্ন জায়গায় সরব হয়েছেন। নিত্যদিন তর্কবিতর্কে জড়িয়ে যাচ্ছেন তাঁরা। তারপরেই পুরাতন চালের বিষয়টি কর্তাদের নজরে আসে।

# চিকিৎসকের সঙ্গে দুর্ব্যবহার

পিকাই দেবনাথ

**কামাখ্যাগুড়ি, ২০ মে :** কিছুক্ষণ অপেক্ষা করতে বলায় দুর্ব্যবহার জুটল চিকিৎসকের। মঙ্গলবার এমনই অভিযোগ তুললেন কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালের চিকিৎসক ধীমান দে। তাঁর অভিযোগ, মঙ্গলবার কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে জরুরি বিভাগে তিনি রোগী দেখছিলেন। সেই সময় কামাখ্যাগুড়ি এলাকার এক তরুণ চিকিৎসকের সঙ্গে দুর্ব্যবহার করতে থাকেন। পরে পরিস্থিতি এমন পর্যায়ে গিয়ে পৌঁছায় যে চিকিৎসক বাধ্য হয়ে কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়িতে ফোন করেন। ওই তরুণকে অন্য রোগীর পরিবার সহ স্বাস্থ্যকর্মীরাও বোঝানোর চেষ্টা করেন। কিন্তু তিনি কিছুতেই বুঝতে চাননি।

চিকিৎসকের অভিযোগ, ওই তরুণ এসে বারবার তাঁকে আগে দেখে দিতে বলেন। কিন্তু সেই সময় চিকিৎসক অন্য রোগী দেখতে ব্যস্ত ছিলেন। তাই কিছুক্ষণ অপেক্ষা করতে বলেন তিনি। তখনই চিকিৎসককে উলটোপালটা কথা বলতে শুরু করেন সেই তরুণ। অভিযোগ পেয়েই পুলিশ দ্রুত এসে ওই তরুণকে আটক করে নিয়ে যায়। এ বিষয়ে বিএমওএইচ ডাঃ সৌম্য গায়েনকে ফোন করা হলে তিনি জানান, তিনি এই মুহূর্তে অন্য কাজে বাইরে আছেন। ভারপ্রাপ্ত বিএমওএইচ কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালের চিকিৎসক কৃষ্ণেন্দু ঠাকুরের কথায়, 'হাসপাতালে স্বাস্থ্যকর্মী অথবা চিকিৎসক কারও সঙ্গেই দুর্ব্যবহার করা উচিত নয়। আমি সেই মুহূর্তে ঘটনাস্থলে ছিলাম না। তবে পুলিশ এসে ওই তরুণকে আটক করে নিয়ে গিয়েছে।' কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়ির ওসি প্রদীপ মণ্ডল জানান, এই নিয়ে কোনও লিখিত অভিযোগ হয়নি।

## শিক্ষকদের দাবি

**আলিপুরদুয়ার, ২০ মে :** ৬০ বছর বয়স পর্যন্ত কাজের নিশ্চয়তা ও সরকারি ভাতা প্রদান সহ একাধিক দাবিদাওয়া জানিয়ে জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক) আশানুল করিমের কাছে স্মারকলিপি প্রদান করল পার্ট-টাইম শিক্ষক সংগঠন। বুধবার সংগঠনের নেতৃত্ব ও সদস্যরা উপস্থিত ছিলেন। পার্ট-টাইম টিচার ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের তরফে মন্টু ধর বলেন, 'আমাদের সরকারি ভাতা সহ ৬০ বছর পর্যন্ত কাজের নিশ্চয়তা দেওয়া হোক।'

## আলোচনা

**বীরপাড়া, ২০ মে :** মঙ্গলবার বীরপাড়ার জুবিলি ক্লাবকক্ষে একটি ডিজিটাল সংবাদমাধ্যমের বর্ষপূর্তিতে আয়োজিত অনুষ্ঠানে আলোচনায় বর্তমান সময়ে সাংবাদিকতায় চ্যালেঞ্জ, সাংবাদিক, সংবাদমাধ্যমের কর্মীদের সমস্যার কথা উঠে এল। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা করেন মাদারিহাট-বীরপাড়া পঞ্চায়েত সমিতির সভাপতি আশা এস বোমজান, বন দপ্তরের দলগাঁওয়ের রেঞ্জ অফিসার ধনঞ্জয় রায়।

# ধোঁয়ায় ঢাকল বড়বাজার

আয়ুষ্মান চক্রবর্তী

**আলিপুরদুয়ার, ২০ মে :** মঙ্গলবার তখন বেলা ১২টা। আলিপুরদুয়ার শহরের বড়বাজার এলাকায় তখন লোকজনের আনাগোনা। হঠাৎই এলাকায় ছড়িয়ে পড়ল কালো ধোঁয়া। সকলের নজর তখন ওদিকেই। তখনই দেখা গেল, বড়বাজারের মাছবাজারের ঠিক উলটোদিকে ১০ নম্বর ওয়ার্ডে রেললাইনের ধার ঘেঁষে দুজন থার্মোকল পোড়াচ্ছিলেন। তাতেই ধোঁয়ায় ঢেকে যায় গোটা এলাকা। কেউ কেউ এমন পরিস্থিতিতে অল্প বাজার করেই ফেরত চলে যান।

পরিবেশকর্মীরা ক্ষুব্ধ। তাঁরা বলছেন, থার্মোকল এমনিতেই পরিবেশের জন্য খুবই ক্ষতিকর। তার মধ্যে আগুন দিয়ে এভাবে পোড়ানোয় বায়ু মারাত্মকভাবে দূষিত হবে। সাধারণ মানুষ থেকে শুরু করে পশু, সকলেরই সমস্যা হবে এতে। পরিবেশকর্মী ত্রিদিবেশ তালুকদারের বক্তব্য, 'থার্মোকল পোড়ালে পরিবেশের ব্যাপক ক্ষতি হয়। ফুসফুসের সমস্যা হতে পারে। আলিপুরদুয়ারে বর্জ্য ব্যবস্থাপনা আছে। পুরসভার উচিত প্রতিদিন সেগুলো যথাস্থানে সময়মতো নিয়ে যাওয়া।'

আলিপুরদুয়ার পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর বলেন, 'এরকম কেন হচ্ছে দেখা হবে। আর যদি কাউকে আগুন জ্বালাতে দেখা যায় তাহলে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।'

মঙ্গলবার বাজার করতে এসেছিলেন পরিতোষ সাহা। বলেন, 'সবজি, মাছ কিনতে বাজারে এসেছিলাম। কিন্তু হঠাৎই এমন পরিস্থিতি হওয়ায় শরীর খারাপ লাগছিল। তাই বাজার না করেই চলে আসি।' সুমিত রায়ও একই কথা বলেন।

ওই এলাকায় ভাতের হোটেল চালান সীমা দে। তাঁর কথায়, 'থার্মোকল এভাবে পোড়ানোয় শ্বাসকষ্ট হচ্ছে। এলাকায় থাকা যাচ্ছে না। অবিলম্বে বন্ধ হওয়া উচিত।' আরেক ব্যবসায়ী তপন ঘোষেরও একই কথা। বলেন, 'পুরসভা যদি পদক্ষেপ করে তাহলেই কিছু একটা সমাধান হবে।'

বড়বাজারের নিউ মার্কেট ব্যবসায়ী সমিতির সম্পাদক পুলক মিত্র বলেন, 'মাছ বাজারের থার্মোকল ওখানে রাখা হয়। পুরসভা নিয়ে যায়। তবে কে পুড়িয়েছে জানি না।' ওই ওয়ার্ডের কাউন্সিলার ঝুমা মিত্রর আশ্বাস, 'বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।'



বড়বাজারে আবর্জনা স্তূপে আগুন।

সংবাদদাতা চাইছে
উত্তরবঙ্গ সংবাদ
ফালাকাটা
এলাকার রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক পরিমণ্ডল সম্পর্কে সম্যক ধারণা থাকা চাই। শিক্ষা সংক্রান্ত নানা বিষয়ে আগ্রহ এবং প্রশাসনিক মহলে পরিচিতি থাকতে হবে। যে কোনও বিষয়ে নির্ভুল বাংলায় চটজলদি লেখার এবং বলার দক্ষতা থাকতে হবে। পূর্ব অভিজ্ঞতা বাঞ্ছনীয় হলেও আবশ্যিক নয়।
যোগ্য ও আগ্রহী প্রার্থীরা ২৭ মে, ২০২৫-এর মধ্যে আবেদন করুন।
ubs.torchbearer@gmail.com

ADMISSION NOTICE 2025-26
MAKAUT, WB & AICTE Approved Course...

- BCA (H) ■ BBA (H)
- BCA with CYBER SECURITY (Specialisation)
- BBA BUSINESS ANALYTICS
- BBA BANKING & FINANCE
- BBA HOSPITAL MANAGEMENT
- BSC MEDIA SCIENCE
- BBA TRAVEL & TOURISM MANAGEMENT
- BSC MEDICAL LAB TECHNOLOGY
- BSC OPTOMETRY
30 Seats only
Student Credit Card facility available
Swami Vivekananda Scholarship available
Oiikosree Scholarship available
CONTACT: DATM COLLEGE, ALIPURDUAR
CALL: 7001312266 / 9333675603

